

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৪৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا من ميت يَمُوت فَيقوم باكيهم فيقولك: واجبلاه واسيداه وَنَحْوَ ذَلِكَ إِلَّا وَكَّلَ اللَّهُ بِهِ مَلَكَيْنِ يَلْهَزَانِهِ وَيَقُولَانِ: أَهَكَذَا كُنْتَ؟ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ حَسَنٌ

বাংলা

১৭৪৬-[২৫] আবৃ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি বলেন, যখন কোন ব্যক্তি মারা যায় এবং তার আপন ক্রন্দনকারীরা এ কথা বলে কাঁদে, হে আমার পাহাড়তুল্য অমুক! হে সরদার! ইত্যাদি ইত্যাদি, তখন আল্লাহ তা'আলা ঐ মৃত ব্যক্তির নিকট দু'জন মালাক (ফেরেশতা) প্রেরণ করেন, যারা তার বুকে হাত দিয়ে ধাক্কা মারে আর জিজ্ঞেস করে, তুমি কি এমনই ছিলে? (তিরমিযী; এবং তিনি বলেন, এ হাদীসটি গরীব ও হাসান)[1]

ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আত্ তিরমিয়ী ১০০৩, সহীহ আত্ তারগীব ৩৫২২, সহীহ আল জামি' আস্ সগীর ৫৭৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে মৃত ব্যক্তি উদ্দেশে তার জীবিত সময়ের নেতৃত্ব ও কর্তৃত্বকে উল্লেখ করে বিলাপ করে ক্রন্দন করার ভয়াবহতা সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

হাদীসের মধ্যে বলা হয়েছে যে, যখন কারো মৃত্যুকে মানুষ পাহাড়সম বিপদের সাথে তুলনা করে এবং তার মৃত্যুর পূর্বের কৃতিত্বের কথা উল্লেখ করে ক্রন্দন করে তখন 'আযাবের মালায়িকাহ্ (ফেরেশতারা) তাকে শাস্তি দিতে থাকে। আর তাকে তিরস্কার ও ভৎর্সনা করতে থাকে। সুতরাং আমাদের উচিত এ সকল কাজ থেকে বিরত থাকা এবং মৃত ব্যক্তির জন্য নীরবে চোখের পানি ফেলে মাগফিরাত কামনা করা।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন